এইচএসসি প্রোগ্রাম

উচ্চতর বাংলা প্রথম পত্র

কোর্স কোড : HSC-1854

মানবণ্টন : পূর্ণমান : ১০০

১. সৃজনশীল প্রশ্ন **(কাঠামোবদ্ধ)**	: ৬০ নম্বর	(৬×১০ = ৬০)	: **সময়**– ২ ঘণ্টা ১০ মিনিট
২. বহুনির্বাচনি প্রশ্ন	: ৪০ নম্বর	(৪০×১ = ৪০)	: **সময়**– ৪০ মিনিট
		সর্বমোট = ১০০	

১. সৃজনশীল প্রশ্ন : ৬০ নম্বর (৬×১০ = ৬০)

'ক' বিভাগ– ছোটগল্প

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

'খ' বিভাগ– 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থ

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

'গ' বিভাগ– উপন্যাস

৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে– (২×১০ = ২০)

২. বহুনির্বাচনি প্রশ্ন : ৪০ নম্বর (৪০×১ = ৪০)

বহুনির্বাচনি অংশে দক্ষতার স্তর ঠিক রেখে মোট ৪০টি প্রশ্ন থাকবে।
সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ১ নম্বর।

ক. ছোটগল্প থেকে ১৪টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৪×১ = ১৪)
খ. কাব্যগ্রন্থ থেকে ১৩টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৩×১ = ১৩)
গ. উপন্যাস থেকে ১৩টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে : সব কয়টির উত্তর দিতে হবে– (১৩×১ = ১৩)

সর্বমোট = ১০০

সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে, যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ :

ক. জ্ঞান স্তর– ১
খ. অনুধাবন স্তর– ২
গ. প্রয়োগ দক্ষতা স্তর– ৩
ঘ. উচ্চতর দক্ষতা স্তর– ৪

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে (১+২+৩+৪) = ১০।

নমুনা প্রশ্ন

এইচএসসি পরীক্ষা–

উচ্চতর বাংলা প্রথম পত্র

কোর্স কোড : HSC-1854

সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান : ৬০

[দ্রষ্টব্য : প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিন। 'ক' বিভাগ থেকে **দুইটি**, 'খ' বিভাগ থেকে **দুইটি** ও 'গ' বিভাগ থেকে **দুইটি** করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলতি ভাষারীতির মিশ্রণ দুষণীয়।

'ক' বিভাগ : ছোটগল্প

(যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দিন)

প্রশ্ন–১

জীবনের খণ্ডাংশকে সীমিত পরিসরে উপস্থাপন করাই ছোটগল্পের কাজ। এর শুরুতে যেমন আকস্মিকতা থাকে, তেমনি পরিসমাপ্তিও নাটকীয়। বস্তুত ছোটগল্প মানবজীবনের ক্ষুদ্র ক্ষুদ্র নানা তাৎপর্যপূর্ণ ঘটনার সমাহার। বাংলা সাহিত্যে উনিশ শতকের শেষের দিকে রবীন্দ্রনাথের হাতে ছোটগল্পের যথার্থ রূপ ফুটে উঠে। গত শতকে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় এদেশের গল্পের ভুবনে নতুন উদ্দীপনা ও জীবনচিন্তার প্রকাশ ঘটায়। এভাবে বাংলাদেশের ছোটগল্পে মুক্তিযুদ্ধ হয়েছে গুরুত্বপূর্ণ উপজীব্য। এ সময়কার ছোটগল্পে মুক্তিযুদ্ধের সার্থক চিত্রায়ণ দেখা যায়। এ ছাড়া সমাজ-জীবনের নানা অসঙ্গতি ও দ্বন্দ্ব, আর্থিক টানাপোড়েন, মূল্যবোধের অবক্ষয় এগুলোর অভিঘাতও এসেছে।। ফলে ছোটগল্পের উপস্থাপনা ও ভাষারীতিতেও পরিবর্তন সাধিত হয়েছে।

ক. 'গল্পগুচ্ছ' কোন লেখকের সঙ্কলন গ্রন্থ?

খ. বাংলাদেশের ছোটগল্পে ভাষা আন্দোলনের প্রভাব সম্পর্কে লিখুন।

গ. উদ্দীপকের বিষয়বস্তু পাঠ্যবিষয়ের সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? –আলোচনাা করুন।

ঘ. "উদ্দীপকে বাংলা ছোটগল্পের একটি বিশেষ কালের রূপ ফুটে উঠেছে।" –বিশ্লেষণ করুন।

প্রশ্ন-২

মতি মাস্টার এত লোক জোটাল কেমন করে? কাজী বাড়ির পড়ুয়া ছেলে রশিদকে দলের মধ্যে দেখে আরো একটু অবাক হল ছকু। ব্যাপারটা অনেকদূর আঁচ করতে পারল সে। গতকাল কাজী পাড়ায় বুড়ো কাজীর সঙ্গে তর্ক করছিল মতি মাস্টার। গত কয়েক বছর কি খোদারে ডাকেন নাই আপনারা? হ্যাঁ, ডাকছিলেন। কিন্তু ফল কী হয়েছে? ফসল কি বাঁচছে আপনাগো? বাঁচে নাই। তাই কইতে আছলাম কেবল বইসা বইসা খোদারে ডাকলে চলবো না। এ কয়টা গাঁয়ে মানুষ তো আমরা কম নই। সবাই মিলে বাঁধটারে যদি পাহারা দিই, সাধ্য কী বাঁধ ভাঙে? মতি মাস্টারের কথা শুনে দাঁত খিঁচিয়ে তেড়ে এসেছিলেন বুড়ো কাজী?

ক. পীর সাহেবের বাড়িতে কয়টি তলা রয়েছে?

খ. 'খোদা যাকে শাফা না দেন, তাকে কে ভাল করিতে পারে?' –উক্তিটি বুঝিয়ে বলুন।

গ. উদ্দীপকের মতি মাস্টার 'হুযুর কেবলা' গল্পের কোন চরিত্রটির সঙ্গে তুলনীয়? –ব্যাখ্যা করুন।

ঘ. "আলোকিত সমাজ গড়তে হলে প্রয়োজন মুক্তবুদ্ধি ও প্রদীপ্ত চেতনার মানুষ।" –বিশ্লেষণ করুন।

প্রশ্ন-৩

সোহরাব আলি পেশায় একজন স্কুল শিক্ষক ছিলেন। বহরমপুরের স্থানীয় স্কুলে শিক্ষার্থীদের বোটানি পড়াতেন। সেখান থেকে সাম্প্রদায়িক দাঙ্গায় তাড়িত হয়ে তিনি সপরিবারে চলে আসেন ঢাকায়। নিজের অস্তিত্বে সেখানকার দাঙ্গা বিধ্বস্ত দিনের বীভৎস দৃশ্য তাকে মাঝে মাঝে তাড়া করে বটে কিন্তু তার পরেও ফেলে আসা জন্মভিটের স্মৃতি সোহরাব আলি ও তার স্ত্রী আফসানা কিছুতেই ভুলতে পারেন না। তবে স্মৃতি ভুলতে না পারলেও ঢাকার বাড়িটা ধীরে ধীরে তাদের কাছে সহজ হয়ে উঠে।

ক. রোগাপটকা ইউনুস আগে কোথায় থাকত?

খ. 'এমন বাড়ি পাওয়া নিতান্ত সৌভাগ্যের কথা।' –কেন? বুঝিয়ে বলুন।

গ. উদ্দীপকের সোহরাব আলির সঙ্গে 'একটি তুলসী গাছের কাহিনি' গল্পে কার সাদৃশ্য রয়েছে? –আলোচনা করুন।

ঘ. "দেশ বিভাগে রাজনৈতিক ঘূর্ণাবর্তের শিকার অসহায় মানুষের জীবনচিত্রই উদ্দীপক ও 'একটি তুলসী গাছের কাহিনি' গল্পের বিষয়বস্তু।" –মন্তব্যটি বিশ্লেষণ করুন।

‘খ’ বিভাগ : কাব্যগ্রন্থ– ‘অগ্নি-বীণা’
(যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দিন)

প্রশ্ন-৪

সমাজ পরিবর্তনশীল। এটি ধ্বংস ও সৃষ্টির মধ্য দিয়ে সম্মুখপানে এগিয়ে চলে। কালের পরিক্রমায় জীর্ণ সমাজে পুরাতন মূল্যবোধের অবক্ষয় ঘটে। কিন্তু মানুষ বেঁচে থাকার তাগিদে সবসময়ই নতুন মূল্যবোধ এবং সুন্দরের সন্ধান করে। সেই সুন্দর আর সত্যকে আহ্বান জানাতে কখনো কখনো প্রলয়ের পথকেও বেছে নিতে হয়। ধ্বংসের ভেতর তখন জেগে ওঠে নতুন সৃষ্টি। এভাবে সকল অসুন্দরকে ছিন্ন করে সুন্দরের জয়মাল্য বরণীয় হয়ে উঠে।

ক. ‘প্রলয়োল্লাস’ কবিতায় শিব কিসের প্রতীক?

খ. কবি কীভাবে নতুন সমাজ গঠনের প্রত্যয় ব্যক্ত করেছেন?

গ. উদ্দীপকটি ‘প্রলয়োল্লাস’ কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? –আলোচনা করুন।

ঘ. “নতুন সম্ভাবনা ও সৃষ্টির আকাঙ্ক্ষাই উদ্দীপক ও ‘প্রলয়োল্লাস’ কবিতার উপজীব্য।” –মন্তব্যটি বিচার করুন।

প্রশ্ন-৫

কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য জন্মগ্রহণ করেছিলেন পরাধীন ভারতবর্ষে। জন্মেই তিনি দেখেছেন জাতির হাতে-পায়ে কঠিন শৃঙ্খল এবং চারপাশের সমাজ নানা অন্যায়, অবিচার ও অবক্ষয়ের অতল তলে ডুবে আছে। কবি চেয়েছিলেন পরাধীনতার শিকল ভেঙ্গে ঘুমন্ত দেশ ও জাতিকে মুক্ত করতে। তাই তিনি পরাধীনতার বিরুদ্ধে, অন্যায়-অবিচারের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন। এভাবে সমকালীন যুগ, তার রাজনৈতিক ঘূর্ণাবর্ত, সংশয়, দ্বিধা, অনিশ্চয়তা, অবক্ষয় সুকান্তকে করে তুলেছে স্বতন্ত্র কবিসত্তা। তাঁর কবিতা হয়ে উঠেছে উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদবিরোধী চেতনার মুক্তিমন্ত্র।

ক. কবি কার শিঙ্গার মহা হুঙ্কার?

খ. ‘বিদ্রোহী রণক্লান্ত
আমি সেই দিন হব শান্ত।’ –কেন? ব্যাখ্যা করুন।

গ. উদ্দীপকটি ‘বিদ্রোহী’ কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? –আলোচনা করুন।

ঘ. “উদ্দাম হৃদয়াবেগ ও অহমিকার সার্থক প্রকাশ ঘটেছে বিদ্রোহী’ কবিতায়।” –উদ্দীপকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করুন।

প্রশ্ন-৬

চণ্ডীর বর্ণনা অনুযায়ী, দুর্গম নামক অসুরকে বধ করায় দেবী মায়ের নাম হয়েছে দুর্গা। মা দুর্গা ব্রহ্মশক্তি, স্বরূপিণী, বিভাসিতা মাতৃশক্তি। তিনি জগজ্জননীরূপে সর্বভূতে বিরাজমান। তিনি সব প্রাণীতে চেতনা, বুদ্ধি, শক্তি, শান্তি, শ্রদ্ধা, দয়া ইত্যাদি নানা রূপে বিরাজিতা। সব ধরনের অকল্যাণের হাত থেকে তিনি আমাদের অর্থাৎ তার সন্তানদের রক্ষা করেন। শাস্ত্রমতে দেবতা ও অসুরদের সংগ্রামে শরণাগত শুভবুদ্ধি ও কল্যাণকামী দেবতাদের তিনি সব সময় বরাভয় দান করেন। মা দুর্গাদেবী কল্যাণময়ী বরাভয়দায়িনী হিসেবে জগতের কল্যাণ সাধন করেন।

ক. কবি কাকে বন্দনা করতে বলেছেন?

খ. ‘আগমনী’ কবিতায় হিন্দু দেব-দেবীর কোন রূপটি কেন প্রয়োগ করা হয়েছে?

গ. উদ্দীপকটি ‘আগমনী’ কবিতার সঙ্গে কেন সঙ্গতিপূর্ণ? –বিশ্লেষণ করুন।

ঘ.“আগমনী’ কবিতা ও উদ্দীপকে জগৎমাতার বাঙালি রূপ প্রকাশ পেয়েছে।” –আলোচনা করুন।

‘গ’ বিভাগ : উপন্যাস– ‘সূর্য-দীঘল বাড়ি’
(যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দিন)

প্রশ্ন-৭

‘মাসি-পিসি’ গল্পটি প্রথম প্রকাশিত হয় কলকাতার ‘পূর্বাশা’ পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায়। আহ্লাদি নামক এক অসহায় তরুণীকে ঘিরে মাসি ও পিসি-র জীবনের করুণ কাহিনি এ গল্পের উপজীব্য। মাসি ও পিসি দুজনই বিধবা ও নিঃস্ব। তারা তাদের অস্তিত্ব রক্ষার পাশাপাশি বিরূপ বিশ্ব থেকে আহ্লাদিকে রক্ষার জন্য যে বুদ্ধিদীপ্ত ও সাহসী সংগ্রাম পরিচালনা করে সেটাই গল্পটিকে তাৎপর্যপূর্ণ করে তুলেছে। অত্যাচারী স্বামী এবং লালসা-উন্মত্ত জোতদার, দারোগা ও গুণ্ডা-বদমাশদের আক্রমণ থেকে আহ্লাদিকে নিরাপদ রাখার ক্ষেত্রে দুই নিঃস্ব নারীর দায়িত্বশীল ও মানবিক জীবনযুদ্ধ খুবই প্রশংসনীয়। দুর্ভিক্ষের মর্মস্পর্শী স্মৃতি, জীবিকা নির্বাহের কঠিন সংগ্রাম, নারী হয়ে নৌকাচালনা ও সব্‌জির ব্যবসায় পরিচালনা প্রভৃতি এ গল্পের বৈচিত্র্যময় দিক।

ক. সবুজ নিশান কিসের আভাস দেয়?

খ. কীভাবে জয়গুনের সুখের স্বপ্ন সফল হয়?

গ. উদ্দীপকের মাসি-পিসি চরিত্রের সঙ্গে 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে কে সাদৃশ্যপূর্ণ? −আলোচনা করুন।

ঘ. "উদ্দীপকের কঠোর জীবনসংগ্রাম 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসেরও উপজীব্য।" −বিশ্লেষণ করুন।

প্রশ্ন-৮

দিন কাটিয়া যায়। জীবন অতিবাহিত হয়। ঋতুচক্রে সময় পাক খায়, পদ্মার ভাঙন ধরা তীরে মাটি ধ্বসিতে থাকে, পদ্মার বুকে জল ভেদ করিয়া জাগিয়া উঠে চর, অর্ধ শতাব্দির বিস্তীর্ণ চর পদ্মার জলে আবার বিলীন হইয়া যায়। জেলেপাড়ার ঘরে শিশুর ক্রন্দন কোনোদিন বন্ধ হয় না। ক্ষুধা-তৃষ্ণার দেবতা, হাসি-কান্নার দেবতা, অন্ধকার আত্মার দেবতা, ইহাদের পূজা কোনোদিন সাঙ্গ হয় না।

ক. ফুড কমিটির সেক্রেটারি কে?

খ. শিন্নি পানসে হয়ে গেছে কেন? −ব্যাখ্যা করুন।

গ. উদ্দীপকের বিষয়বস্তু 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে কীভাবে প্রতিফলিত হয়েছে? −আলোচনা করুন।

ঘ. "উদ্দীপকে বর্ণিত কেবল কষ্টই নয় 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসটি আনন্দময় জীবনেরও প্রতিচিত্র।" −মন্তব্যটি বিশ্লেষণ করুন।

প্রশ্ন-৯

এমন সময় এলো মুসাফির গায়ে আজারির চিন
বলে,'বাবা, আমি ভুখা ফাকা আছি আজ নিয়ে সাত দিন।'
তেরিয়া হইয়া হাঁকিল মোল্লা− 'ভ্যালা হলো দেখি লেঠা,
ভুখা আছ মর গো-ভাগাড়ে গিয়ে! নামাজ পড়িস বেটা?'
ভুখারি কহিল,'না বাবা!' মোল্লা হাঁকিল−'তা হলে শালা
সোজা পথ দেখ!' গোস্ত-রুটি নিয়ে মসজিদে দিল তালা।

ক. পঞ্চাশ সনে চাঁদ কীভাবে উঠেছিল?

খ. 'তার বারোমেসে রোজার যে অন্ত নেই।' −কেন?

গ. উদ্দীপকের মোল্লা 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে কোন চরিত্রের প্রতিনিধি? −ব্যাখ্যা করুন।

ঘ. "উদ্দীপকের মূল ভাবনাই 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে অনুরণিত হয়েছে।" −আলোচনা করুন।

বহুনির্বাচনী অভীক্ষা

সময় : ৪০ মিনিট, পূর্ণমান : ৪০

বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার প্রতিটি ক্রমিক নম্বরের প্রশ্নের সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখুন। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. জেলখানায় চন্দরা কাকে দেখতে চেয়েছিল?

ক. দুখিরাম খ. ছিদাম
গ. মা ঘ. বাবা

২. রামলোচন আদালতে উল্টো কথা বলেছিল কেন?

ক. মিথ্যা সাক্ষ্যের দায়ে পড়ার ভয়ে খ. দুখিরামের ক্ষতি করতে চায়নি
গ. অর্থ প্রাপ্তির আশায় ঘ. হাকিমের ধমকের কারণে

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দিন :

তিন ভাই মিলে খেলতে খেলতে হঠাৎ ঝগড়া বেঁধে যায়। অর্ক আর আদিব দুই ভাই মিলে ইচ্ছামতো মেরেছে ফুফাতো ভাই অর্ণবকে। দাদাভাইয়ের কথা মনে পড়তেই অর্ক ও আদিব ভড়কে যায়। দাদাভাই যখন তাদের শাস্তি দেয়ার কথা ভাবছেন তখন দু'ভাই-ই বলে উঠে,"আমি-ই অর্ণবকে মেরেছি।"

৩. উদ্দীপকের অর্ক ও আদিবের সঙ্গে 'শাস্তি' গল্পে কাদের মিল রয়েছে?

ক. দুখিরাম ও ছিদাম খ. বড় বউ ও চন্দরা
গ. রামলোচন ও দুখিরাম ঘ. ছিদাম ও চন্দরা

৪. উদ্দীপক ও 'শাস্তি' গল্পে দু'ভাইয়ে সাদৃশ্য রয়েছে যে বিষয়ে−

ক. ভালবাসা খ. লজ্জা
গ. আত্মমর্যাদা ঘ. ঘৃণা

৫. পীর সাহেব কোথায় আস্তানা গেড়েছেন?

ক. মোড়ল বাড়ি খ. রুহ্ রজব

গ. বদরুদ্দিন সাহেবের ঘর ঘ. নুরের জলওয়া

৬. মেয়েরা 'নাকেস-আকেল', কারণ–

ক. ধর্মকথা বোঝে না খ. বুদ্ধিসুদ্ধি কম

গ. বাতেনি কথা বোঝে ঘ. রুহানি শক্তি বেশি

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দিন :

নাফি লন্ডন থেকে ব্যারিস্টারি পাশ করে সম্প্রতি দেশে ফিরে এসেছে। কিছুকাল পরেই কোর্টে প্র্যাকটিস্ শুরু করবে এই তার ইচ্ছা। কিন্তু গ্রামের লোকদের কুসংস্কার ও অন্ধবিশ্বাস তার মনকে ব্যথিত করে। সে গ্রামে শিক্ষার আলো জ্বালিয়ে এসব দূর করতে চায়।

৭. উদ্দীপকের নাফি 'হুযুর কেবলা' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?

ক. এমদাদ খ. রজব

গ. কলিমন ঘ. সিদ্দিকুল্লাহ

৮. উদ্দীপকের অধিবাসীদের সঙ্গে 'হুযুর কেবলা' গল্পে যে বিষয়ে সাদৃশ্য রয়েছে–

i. গোঁড়ামি

ii. অজ্ঞতা

iii. কুসংস্কার

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. i, ii ও ii

৯. অর্জুনকাকা কোন পদে চাকরি পেয়েছিলেন?

ক. পাকা ড্রেসার খ. কম্পাউন্ডার

গ. এ্যাপ্রেন্টিস ড্রেসার ঘ. স্টেশনের কুলি

১০. বিয়েতে বেয়াইর দেয়া সুবিধা নিতে আপত্তি কেন?

i. ওতে অপমান বোধ হয়

ii. গল্পকথকের পিতার 'মত' নেই

iii. জমিদার নির্যাতন করবেন

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দিন :

রামশীল গ্রামের যুবক অজয় বাড়ৈ। বাবার একসময় বিত্ত ছিল। নদী ভাঙনে সব হারিয়ে আজ পথে। পথচারিদের সামনে ল্যাংড়া সেজে তাকে খাবারের টাকা জোগাড় করতে হয়।

১১. উদ্দীপকের অজয় চরিত্রের সঙ্গে 'প্রাগৈতিহাসিক' গল্পে কার মিল রয়েছে?

ক. বৈকুণ্ঠ খ. রাখু

গ. ভিখু ঘ. বসির

১২. উদ্দীপক এবং 'প্রাগৈতিহাসিক' গল্পে প্রকাশিত হয়েছে–

i. জীবন সংগ্রাম

ii. প্রতিবাদী চেতনা

iii. সামাজিক অবিচার

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. ii ও iii

১৩. মসজিদের ইমাম আল-আমিনের নিকট কিসে রূপান্তরিত হয়?

ক. কমান্ডার খ. খাটাস

গ. সৈনিক ঘ. মিলিটারি

১৪. পরদিন সকালবেলা আল-আমিনকে চেনা যাচ্ছিল না যে কারণে−

ক. পাগলের মত আচরণ করায় | খ. চেহারায় নুর প্রতিফলিত হওয়ায়
গ. উপুড় হয়ে ঘাড় নুয়ে যাওয়ায় | ঘ. খাটাসে রূপান্তরিত হওয়ায়

১৫. 'প্রলয়োল্লাস' কবিতায় অসুন্দরকে সুন্দর করতে কে আসছে?

ক. বজ্র-শিখা | খ. নবীন
গ. ধ্বংস | ঘ. দেবতা

১৬. 'প্রলয়োল্লাস' কবিতায় 'সিংহদ্বারে' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক. ব্রিটিশ রাজশক্তি | খ. বিশ্বমাতা
গ. দিগম্বরের জটা | ঘ. দ্বাদশ রবি

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দিন :

নবীন জগৎ সন্ধানে যারা ছুটে চলে মেরু অভিযানে
পক্ষ বাঁধিয়া উড়িয়া চলেছে যাহারা ঊর্ধ্ব পানে।

১৭. উদ্দীপকের সঙ্গে সাদৃশ্য রয়েছে কোন চরণের −

ক. আসছে এবার অনাগত প্রলয়-নেশার নৃত্য-পাগল
সিন্ধুপারের সিংহদ্বারে ধমক হেনে ভাঙল আগল।

খ. বিশ্বপাতার বক্ষ-কোলে
রক্ত তাহার কৃপাণ ঝোলে।

গ. দিগম্বরের জটায় লুটায় শিশু চাঁদের কর,
আলো তার ভরবে এবার ঘর।

ঘ. বিন্দু তাহার নয়ন-জলে
সপ্ত মহাসিন্ধু দোলে।

১৮. উদ্দীপক ও 'প্রলয়োল্লাস' কবিতায় প্রকাশিত হয়েছে−

i. নতুনের আবাহন
ii. অন্ধকারের হাতছানি
iii . পরাজয়ের কষ্ট

নিচের কোনটি সঠিক?

ক. i | খ. ii
গ. iii | ঘ. ii ও iii

১৯. 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ক. মোসলেম ভারত | খ. ছায়ানট
গ. ধূমকেতু | ঘ. ভারত সমাচার

২০. 'আমি বেদুইন, আমি চেঙ্গিস
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।' চরণ দুটিতে প্রকাশিত হয়েছে −

ক. আত্ম- অহমিকা | খ. উচ্চকিত প্রতিবাদ
গ. সামাজিক অবিচার | ঘ. সাম্যের বাণী

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দিন :

বিশ্ব জুড়িয়া প্রলয়-নাচন লেগেছে ঐ
নাচে নটনাথ কাল ভৈরব তাথৈ থৈ।

২১. উদ্দীপকের নটনাথ 'আগমনী' কবিতায় কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়?

ক. কার্তিক | খ. জগৎমাতা
গ. গণেশ | ঘ. মহিষাসুর

২২. উদ্দীপক ও 'আগমনী' কবিতায় সাদৃশ্য রয়েছে যে বিষয়ে−

i. ধ্বংসের বারতায়
ii. জ্বালাময় রোষে
iii. রক্ত-সুরায়

নিচের কোনটি সঠিক?

ক. i | খ. ii
গ. iii | ঘ. ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দিন :

পুরাণে রয়েছে শনি যেখানে চোখ দেয় সেখানেই বিনাশ ও লয় ঘটে। সমকালীন রাজনৈতিক প্রতিবেশে শনির মতই নেতাজী সুভাষ বসু চেয়েছেন ব্রিটিশের লয়।

২৩. উদ্দীপকের চেতনা কোন চরণটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ?

ক. এই স্রষ্টার শনি মহাকাল ধূমকেতু। খ. ওরে ভয় নাই তোর মার নাই।
গ. আমি অগ্নি কেতন উড়াই। ঘ. ওরে ছড়ানো রয়েছে কত যায় গড়াগড়ি।

২৪. উদ্দীপক ও 'ধূমকেতু' কবিতায় প্রকাশিত হয়েছে–

i. আবেগ ও উদ্দীপনা
ii. কবির অহমিকা
iii. জীবনের প্রশান্তি

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. iii ঘ. i ও ii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দিন :

হাজার বছর ধরে দাসত্ব বেঁধেছে বাসা রোমের দেউলে,
দিয়েছে অনেক রক্ত রোমের শ্রমিক–

২৫. উদ্দীপকের সঙ্গে 'কামাল পাশা' কবিতার যে চরণটি সাদৃশ্যপূর্ণ–

ক. আজাদ মানুষ বন্দী করে, অধীন করে স্বাধীন দেশ। খ. দুনিয়ায় কে ডর করে না তুর্কির তেজ তলোয়ারে?
গ. ঐ চেয়ে দ্যাখ আসমানে আজ রক্ত-রবির আভাস! ঘ. হিংসুক দল! জোর তুলেছি শোধ তোদের!

২৬. উদ্দীপক ও 'কামাল পাশা' কবিতার উপজীব্য–

i. স্বাধীনতার আকাঙ্ক্ষা
ii. সৈনিকের ট্র্যাজেডি
iii. পরাধীনতার অন্তর্জ্বালা

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. iii ঘ. i ও ii

২৭. 'কোরবানি' কবিতায় কোথায় 'আরশ' কেঁপেছে?

ক. আসমানে খ. পাতালে
গ. মীনায় ঘ. সত্যাগ্রহে

২৮. হাসু মা-কে কোন পাড়ায় নামিয়ে দেয়?

ক. মোড়ল খ. হিন্দু
গ. মুসলমান ঘ. জাহাজ

২৯.'স্বাধীনতার বার্তা' জয়গুনদের যে স্বপ্ন দেখিয়েছে–

i. ভাত-কাপড় সস্তা হবে
ii. মানুষের দুঃখ থাকবে না
iii. কেউ না খেয়ে মরবে না

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii

৩০. 'সুখে থাকতে ভূতে কিলায়?' –কথাটি মায়মুনকে বলা হয়েছে কেন?

ক. ঘুমের সময় হাঁসের বাচ্চা কোলে রাখায় খ. হাঁসের বাচ্চা পানিতে ছেড়ে দেয়ায়
গ. হাঁসের বাচ্চাকে খাঁচায় রেখে আসায় ঘ. হাঁসের বাচ্চাকে শামুক খাওয়ানোয়

৩১. 'মাছ করে ঝক ঝক ছোট্ট এক ঝিলে
একটা মাছে টিপ দিলে বেবাকগুলা মিলে।' –পংক্তিদ্বয়ের নাম কী?

ক. শোলক খ. কুট্টি
গ. টিক্কা ঘ. ফুক্কা

৩২. রমজানের পরামর্শে হাসু কার কাছে যেতে চায়?

ক. গদু প্রধান | খ. হোসেন দালাল
গ. জব্বর মুনসী | ঘ. খুরশীদ মোল্লা

৩৩. শফি মা-কে ভিক্ষা করতে নিষেধ করেছে কেন?

ক. লোকে মন্দ বলে | খ. রোজগার মন্দ
গ. কষ্টের কাজ | ঘ. অসহনীয় পেশা

৩৪. জয়গুন কার জন্য জলা-খেত থেকে শাপলার ফুল সংগ্রহ করে?

ক. উকিল বাবুর বউ | খ. রাজার মা
গ. রশীদ গৃহিণী | ঘ. গদু প্রধানের শেষ পক্ষের স্ত্রী

৩৫. 'উদলা নৌকা' বলতে বোঝায়–

ক. উন্মুক্ত বা ঢাকনাবিহীন নৌকা | খ. ঢাকনাযুক্ত নৌকা
গ. পাল তোলা নৌকা | ঘ. ছোট কোষা নৌকা

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দিন :

যুথির শ্বশুরবাড়িতে বিধবা ননদ ও তার মেয়ে রয়েছে যারা দিনরাত যুথিকে গঞ্জনা দেয়। ছোটলোক বলে গালি দেয়। যৌতুকের জন্য ইদানিং তাকে চাপও দিচ্ছে। শ্বশুর-শাশুড়ি আর সেইসঙ্গে বিধবা ননদের অত্যাচার সে আর সহ্য করতে না পেরে বাপের বাড়ি চলে আসে।

৩৬. উদ্দীপকের চরিত্রটির সঙ্গে 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে কার সাদৃশ্য রয়েছে?

ক. মায়মুন | খ. জয়গুন
গ. মেহেরন | ঘ. আঞ্জুমান

৩৭. এরূপ সাদৃশ্য দেখা যায় যে বিষয়ে–

i. অহংবোধে
ii. আচরণে
iii. সংকীর্ণতায়

নিচের কোনটি সঠিক?

ক. i | খ. ii
গ. iii | ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দিন :

সব লোকে কয় লালন ফকির হিন্দু কি যবন?
লালন বলে আমি আমার না জানি সন্ধান
বেদ পুরাণে করছে জারি, যবনের সাঁই হিন্দুর হরি,
এখনো আমি বুঝতে নারি সৃষ্টির সুরূপ কী প্রমাণ?

৩৮. উদ্দীপকের চেতনা 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসের কোন চরিত্রে প্রতিফলিত হয়েছে?

ক. রমেশ ডাক্তার | খ. খুরশীদ মোল্লা
গ. জব্বর মুন্সী | ঘ. গদু প্রধান

৩৯. এরূপ চেতনা প্রকাশিত হয়েছে যে বাক্যে–

ক. হিন্দু-মুসলমান আপনজনের মতো কত যুগ ধরে কাটিয়েছে এ মাটিতে।
খ. একের ওপর নির্ভর করে বেঁচে উঠেছে আর একজন।
গ. আমি বুঝতে পারি না কিসের নেশায় যাচ্ছে এরা।
ঘ. এখানে আমরা মা-র কোলে আছি।

৪০. গদু প্রধান 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাসে ভূতরূপে আবির্ভূত হয়েছে কেন?

ক. জয়গুনকে শায়েস্তা করতে | খ. হাসুকে বাগে আনতে
গ. আঞ্জুমানকে শায়েস্তা করতে | ঘ. করিম বক্শকে শিক্ষা দিতে